গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট
www.dakshinsurma.sylhet.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১৩১.০০০.০০২.০১৩.১৯-৪২৮

তারিখ: ২৬ মে, ২০২৫

বিষয়: উপজেলা পরিষদের মাসিক সভা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের মে/২০২৫ মাসের মাসিক সভা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী দক্ষিণ সুরমা উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

| সভা | সভার প্রকৃতি | তারিখ | সময় | সভাপতি |
|---|---|---|---|---|
| উপজেলা পরিষদের সভা | মাসিক সভা | ২৭/০৫/২০২৫ | বেলা ০৩:৩০ ঘটিকা | প্রশাসক,<br>উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |

কমিটির সম্মানিত সদস্যগণকে সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

২৬/০৫/২৫

উর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট
ফোন: ০২৯৯৬৬৪৬৯৯৩
unosouthshurma@gmail.com

বিতরণ :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট
২. উপজেলা.................................... অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট
৩. সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
৪. চেয়ারম্যান..........................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট
৫. জনাব/বেগম.................................................দক্ষিণ সুরমা, সিলেট

সদয় জ্ঞাতার্থে
জেলা প্রশাসক, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

## মে/২০২৫ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ২৭/০৫/২০২৫, দুপুর ০৩:৩০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| সভাপতি | : ঊর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর এপ্রিল/২০২৫ মাসে অনু
কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়
নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। <u>স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ)</u>: এপ্রিল/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাও

<u>সিদ্ধান্ত</u> : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজে
অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

<u>বাস্তবায়নে</u> : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। <u>প্রকৌশল বিভাগ (এলজিইডি)</u>: উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিয়ে উপস্থাপন করেন।

<u>প্রস্তাব-১</u>: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, (ক) পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৫ উপলক্ষ্যে সরকারি ছুটিকালীন সময়ে
পরিষদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে ২৭/০৩/২০২৫ হতে ০৫/০৪/২০২৫ পর্যন্ত চার জন আনসার দায়িত্ব পালন
উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা কর্তৃক আনসারগণের উল্লেখিত সময়ের দায়িত্বপালন ভাতা বাবদ ২২,১০০/- (বা
একশত) টাকার বিল দাখিল করা হয়েছে।

(খ) উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রয়োজন।

(গ) পবিত্র ঈদ-উল-আযহা ২০২৫ উপলক্ষ্যে সরকারি ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা নি
০৫/০৬/২০২৫ হতে ১৪/০৬/২০২৫ পর্যন্ত চার জন আনসার দায়িত্ব পালন করবেন।

(ঘ) উপজেলা পরিষদের ৪টি বৈদ্যুতিক মিটারের ও উপজেলা পরিষদ অডিটরিয়ামের ৪টি বৈদ্যুতিক মিটারের
হতে মে ২০২৫ পর্যন্ত সময়ের বিদ্যুৎ বিল বাবদ মোট ৩৮,৪৫৯/- (আটত্রিশ হাজার চারশত উনষাট) টাকা প্রয়োজন।

ঙ) উপজেলা পরিষদের চারপাশ পরিষ্কার পরিচ্ছন্নতা বাবাদ ২৪,৬০০/- টাকা প্রয়োজন।

চ) উপজেলা পরিষদের সভাকক্ষে বিভাগীয় কমিশনার সিলেট, মহোদয় পরিদর্শন উপলক্ষ্যে নতুন ০৫টি এল
এবং ইলেকট্রিক তার ক্রয় বাবদ =৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত টাকা প্রয়োজন)।

<u>সিদ্ধান্ত</u>: (ক) পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৫ উপলক্ষ্যে সরকারি ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা নি
২৭/০৩/২০২৫ হতে ০৫/০৪/২০২৫ পর্যন্ত চার জন আনসার দায়িত্ব পালন করেছেন। উপজেলা আনসার ভিডিপি কর্ম
আনসারগণের উল্লেখিত সময়ের দায়িত্বপালন ভাতা বাবদ ২২,১০০/- (বাইশ হাজার একশত) টাকার বিল রাজস্ব তহবিলে
খাত (আনসার) হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের যানবাহ
হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) পবিত্র ঈদ-উল-আযহা ২০২৫ উপলক্ষ্যে সরকারি ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা নি
০৫/০৬/২০২৫ হতে ১৪/০৬/২০২৫ পর্যন্ত চার জন আনসার দায়িত্ব পালন করবেন। উপজেলা আনসার ভিডিপি কর্ম
আনসারগণের উল্লেখিত সময়ের দায়িত্বপালন ভাতা বাবদ অগ্রিম ২২,১০০/- (বাইশ হাজার একশত) টাকার বিল দাখিল
যথাযথভাবে দায়িত্ব পালন করা সাপেক্ষে ২২,১০০/- (বাইশ হাজার একশত) টাকার বিল রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত
হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা পরিষদের ৪টি বৈদ্যুতিক মিটারের ও উপজেলা পরিষদ অডিটরিয়ামের ৪টি বৈদ্যুতিক মিটারের মার্চ ২০২৫ হতে মে ২০২৫ পর্যন্ত সময়ের বিদ্যুৎ বিল বাবদ মোট ৩৮,৪৫৯/- (আটত্রিশ হাজার চারশত ঊনষাট) টাকা রাজস্ব তহবিলের বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল, সংবাদপত্রের বিজ্ঞপ্তির বিল ইত্যাদি পরিশোধ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ) উপজেলা পরিষদের চারপাশ পরিষ্কার পরিচ্ছন্নতা বাবাদ ২৪,৬০০/- টাকা রাজস্ব তহবিলের বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

চ) উপজেলা পরিষদের সভাকক্ষে বিভাগীয় কমিশনার সিলেট, মহোদয় পরিদর্শন উপলক্ষ্যে নতুন ০৫টি এলইডি লাইট এবং ইলেকট্রিক তার ক্রয় বাবদ =৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত টাকা) রাজস্ব তহবিলের উপজেলা পরিষদের খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নে</u>: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। <u>প্রকল্প বাস্তবায়ন বিভাগ</u> : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৪। <u>স্বাস্থ্য বিভাগ</u> : অনুপস্থিত।

০৫। <u>পরিবার পরিকল্পনা বিভাগ</u> : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৬। <u>কৃষি বিভাগ</u> : উপজেলা কৃষি অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৭। <u>প্রাণি সম্পদ বিভাগ</u> : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৮। <u>মৎস্য বিভাগ</u> : উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৯। <u>প্রাথমিক শিক্ষা বিভাগ</u> : উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১০। <u>মাধ্যমিক শিক্ষা বিভাগ</u>: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বই বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

১১। <u>সমাজসেবা বিভাগ</u>: উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১২। <u>সমবায় বিভাগ</u>: উপজেলা সমবায় অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৩। <u>মহিলা বিষয়ক বিভাগ</u> : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৪। <u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</u> : সহকারী প্রকৌশলী জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৫। <u>পল্লী উন্নয়ন বিভাগ</u> : অনুপস্থিত।

১৬। <u>যুব উন্নয়ন বিভাগ</u> : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

<u>সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য</u> : উর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য ইউ/পি চেয়ারম্যানগণ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। এডিপি থেকে গৃহীত প্রকল্পগুলো দ্রুত সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

27/05/25

উর্মি রায়
প্রশাসক
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১০১.০০০.৪০.০১২.২৪.৪৩৪ তারিখঃ ২৭ মে, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৬। নির্বাহী প্রকৌশলী ........................................................................................................সিলেট।
৭। উপ-পরিচালক ..............................................................................................................সিলেট।
৮। উপজেলা ....................................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
৯। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১০। চেয়ারম্যান ..............................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১১। জনাব/বেগম.................................... সদস্য..............................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

২৭।০৫।২৪
ঊর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৬৪৯৯১৩

পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে

| উপস্থিত জনপ্রতিনিধি | অনুপস্থিত জনপ্রতিনিধি |
|---|---|
| ১। চেয়ারম্যান, ৪নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৫। উপজেলা পরিসংখ্যান অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |